

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫৭০

পর্ব-৫: জানাযা (كتاب الجنائر)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَوَدُّ أَهْلُ الْعَافِيَةِ يَوْمَ الْقِيَامَةِ حِينَ يُعْطَى أَهْلُ الْبَلَاءِ التَّوَابَ لَوْ أَنَّ جُلُودَهُمْ كَانَتْ قُرِضَتْ فِي الدُّنْيَا بِالْمَقَارِيضِ» . رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

১৫৭০-[৪৮] জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের (কিয়ামতের) দিন ভোগ-বিলাসে জীবন-যাপনকারীরা যখন দেখবে বিপদ-মুসীবাতগ্রস্ত লোকদেরকে সাওয়াব দেয়া হচ্ছে, তখন তারা আক্ষেপ করবে। বলবে, আহা! তাদের চামড়া যদি দুনিয়াতেই কাঁচি দিয়ে কেটে ফেলা হত! (তিরমিযী)[1]

ফুটনোট

[1] হাসান : আত্ তিরমিয়ী ২৪০২, সহীহ আল জামি' আস্ সগীর ৮১৭৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (حِیْنَ یُعْطَی أَهْلُ الْبَلَاءِ التَّوَابَ) বিপদগ্রস্ত ব্যক্তিদের সাওয়াব দেয়া হচ্ছে অসংখ্য অগণিত। যেমন আল্লাহ তা'আলার বাণীঃ

إِنَّمَا يُوَفَّى الصَّابِرُوْنَ أَجْرَهُمْ بِغَيْرِ حِسَابٍ

"নিশ্চয় যারা সবরকারী তারাই তাদের পুরস্কার পায় অগণিত।" (সূরাহ্ আয্ যুমার ৩৯ : ১০)

বায়হাক্ষীর শব্দ এসেছে এভাবে,



يَوَدُّ أَهْلُ الْعَافِيَةِ يَوْمَ الْقِيَامَةِ أَنَّ جُلُوْدَهُمْ قُرِضَتْ بِالْمَقَارِيْضِ مِمَّا يَرَوْنَ مِنْ ثَوَابِ أَهْلِ الْبَلاءِ.

ক্বিয়ামাতের (কিয়ামতের) দিনে সুখ শান্তি ভোগী ব্যক্তিরা কামনা করে বলবে, বিপদগ্রস্ত ব্যক্তিদের প্রতিদান দেখে আহা যদি তাদের চামড়া কাঁচি দ্বার কাটা হত।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন